# বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

## বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

**ভূমিকাঃ**

বাংলাদেশের মহান স্বাধীনতা অর্জনের পর শীর্ষস্থানীয় আন্তর্জাতিক ও জাতীয় বার্তা সংস্থাসমূহ, যেমনঃ যুক্তরাজ্যের রয়টার্স, যুক্তরাষ্ট্রের এপি, ভারতের পিটিআই, সোভিয়েত ইউনিয়নের তাস, ফ্রান্সের এএফপি-এর কর্মপদ্ধতির আদলে একটি আন্তর্জাতিক মানের জাতীয় বার্তা সংস্থা প্রতিষ্ঠায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ইচ্ছার প্রতিফলন হিসেবে দি এসোসিয়েটেড প্রেস অব পাকিস্থান (এপিপি)-এর ঢাকাস্থ আঞ্চলিক কার্যালয়কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তদানিন্তন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ১/৭২ সাচিবিক প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) নামে নামকরণ করে। এপিপি'র কার্যালয়ই নতুন নামকরণে স্বাধীন বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা ''বাসস''-এর যাত্রা শুরু হয়। পরবর্তীতে ১৯৭৯ সালের ২০ নং অধ্যাদেশ অর্থাৎ বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ, ১৯৭৯ মাধ্যমে জাতীয় বার্তা সংস্থা হিসেবে বাংলাদেশ সংবাদ সংস্থাকে ''বিধিবদ্ধ'' (বডি কর্পোরেট) সংস্থায় রূপান্তর করে এর ব্যবস্থাপনা ১১ সদস্য বিশিষ্ট পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত করা হয়। পঞ্চম সংশোধন আইন ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সনের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ বিলুপ্ত হওয়ায় তদস্থলে বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৫ নং আইন) প্রণীত হয় এবং তা গেজেটে প্রকাশিত হয়। বাসস আইন, ২০১৮ অনুযায়ী সংস্থার পরিচালনা ও প্রশাসন ১৩ সদস্য বিশিষ্ট পরিচালনা বোর্ডের উপর অর্পিত হয়।

**পরিচালনা বোর্ডঃ**

বিগত ১৫ জুলাই ২০২০ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের স্মারক নং-১৫.০০.০০০০.০১৯.১১.০০৪.১১.১৬৫ মূলে 'বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮' এর ৭ ও ৮ ধারা মোতাবেক ৩(তিন) বছর মেয়াদে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে। গঠিত পরিচালনা বোর্ড নিম্নরূপঃ

| ক্রমিক | সম্মানিত সদস্যগণের নাম | পদবী |
|---|---|---|
| ০১ | আ আ ম স আরেফিন সিদ্দিক, সাবেক উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় | চেয়ারম্যান |
| ০২ | যুগ্মসচিব (প্রেস), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা | পরিচালক |
| ০৩ | অর্থ বিভাগের অনুন্য যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি। | পরিচালক |
| ০৪ | জননিরাপত্তা বিভাগের অনুন্য যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি। | পরিচালক |
| ০৫ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুন্য যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি। | পরিচালক |
| ০৬ | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা। | পরিচালক |
| ০৭ | ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাসস, ঢাকা। | পরিচালক |
| ০৮ | জনাব আলতামাস কবির, সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা। | পরিচালক |
| ০৯ | জনাব এম এ মালেক, সম্পাদক, দৈনিক আজাদী, চট্টগ্রাম। | পরিচালক |
| ১০ | জনাব মোজাম্মেল হক, ব্যবস্থাপনা পরিচালক, ৭১ মিডিয়া লিমিটেড (৭১ টিভি), বারিধারা, ঢাকা। | পরিচালক |
| ১১ | জনাব শ্যামল দত্ত, সম্পাদক, দৈনিক ভোরের কাগজ, ঢাকা। | পরিচালক |
| ১২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ICT বিষয়ে দক্ষতা সম্পন্ন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি। | পরিচালক |
| ১৩ | জনাব মধুসূদন মন্ডল, সিটি এডিটর, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ঢাকা। | পরিচালক |

রূপকল্প ও অভিলক্ষ্যঃ

রূপকল্প **(Vision) :** দেশী-বিদেশী গ্রাহক ও পাঠকদের নিয়মিত ও নিরবচ্ছিন্নভাবে সঠিক, নিরপেক্ষ ও নির্ভরযোগ্য (Correct, impartial & trustworthy) সংবাদ পরিবেশন করে সংস্থাকে একটি আন্তর্জাতিক মানের ও আত্মনির্ভরশীল জাতীয় বার্তা সংস্থা ও তথ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা।

অভিলক্ষ্য **(Mission) :** মহান মুক্তিযুদ্ধের চেতনার আলোকে সুনির্দিষ্ট লক্ষ্য ও আদর্শকে সমুন্নত রেখে সরকারের নীতিকৌশল, দেশের সামগ্রিক উন্নয়ন, সমস্যা, সম্ভাবনা ও প্রতিদিনের সংবাদ ইতিবাচক ও বস্তুনিষ্ঠ ভাবে জনগণের সামনে উপস্থাপন করা।

তথ্য সমাজ ও জীবনমান পরিবর্তনের গুরুত্বপূর্ণ মাধ্যম। তাই গণযোগাযোগ মাধ্যম (Mass Communication channel) হিসেবে কাজ করা যাতে প্রান্তিক জনগণ দেশের উন্নয়ন, উন্নয়নে অংশগ্রহণ ও জবাবদিহিতার উপলব্ধি সৃষ্টি করতে সাহায্য করে।

বাসস আইন, ২০১৮ অনুযায়ী বাসস'র দায়িত্ব ও কার্যাবলীঃ

(ক) আন্তর্জাতিক সংস্থাসহ দেশ-বিদেশের সংবাদ সংগ্রহ করিয়া গণমাধ্যমের সাহায্যে উহা বাংলাদেশসহ সমগ্র বিশ্বের জনগণের নিকট প্রচার;

(খ) জাতীয় সংবাদ বহির্বিশ্বে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা হিসাবে দায়িত্ব পালন;

(গ) সমগ্র বিশ্বে রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক, বানিজ্যিক, প্রযুক্তিগত, সংস্কৃতিক ও ক্রীড়া ক্ষেত্রে সকল সংবাদ সংগ্রহ ও বিনিময়;

(ঘ) সংবাদ সংগ্রহ ও বিনিময়ের কাজে নিয়োজিত ব্যক্তিগণের প্রশিক্ষণের জন্য দেশিয় বা বৈদেশিক গণমাধ্যম বা বার্তা সংস্থার সহিত চুক্তি সম্পাদন;

(ঙ) দেশে বা দেশের বাহিরের গণমাধ্যম বা বার্তা সংস্থার সকল সংবাদ, ফিচার, ছবি বা ভিডিও চিত্র ক্রয়-বিক্রয়;

(চ) সংস্থার সার্বিক উন্নয়ন ও আধুনিকায়নে কর্মসূচি গ্রহণ;

(ছ) সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড জনগণকে অবহিত করিবার উদ্দেশ্যে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), তথ্য অধিদপ্তর (পিআইডি) এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার কার্যক্রমের সহিত সমন্বয় সাধন; এবং

(জ) উপরিউক্ত দায়িত্ব ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য কার্যাদি সম্পাদন।

**প্রতিবেদনাধীন অর্থবছরের তথ্য:**

কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| মোট জনবল | পূরণকৃতপদ | পদোন্নতি | শূন্যপদ | নতুন নিয়োগ |
|---|---|---|---|---|
| ১৯৯ | ১৯৯ | -- | -- | -- |

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য: (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| | বাসস | ৫২ | ১৯৮৫.৭৭ | ৩৮ | ৪ | ২৩.৮৮ | ৪৮ টি | ১৯৬১.৮৯ |

মানব সম্পদ উন্নয়ন:

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১৬ | ২৯৭ |

**সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| -- | -- |

একনজরে সংস্থার সম্পাদিত কার্যক্রমঃ

বাংলাদেশ সংবাদ সংস্থা-বাসস (Bangladesh Sangbad Sangstha-BSS) জাতীয় বার্তা সংস্থা হিসেবে দেশের ও বিদেশের সংবাদ সংগ্রহ করে তা তাৎক্ষণিকভাবে সম্পাদনা করে নিজস্ব ওয়েবসাইট, ইন্টারনেট, ই-মেইল, ফ্যাক্স ইত্যাদির মাধ্যমে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতারসহ বেসরকারি টিভি চ্যানেল ও গ্রাহক সংবাদপত্রসমূহের মাধ্যমে জনগণের কাছে ইংরেজি ও বাংলা ভাষায় পরিবেশন করে থাকে। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে নিজস্ব সংবাদদাতাদের মাধ্যমে সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডের সংবাদসহ সকল ধরনের সংবাদ সংগ্রহ করে এবং প্রধান কার্যালয়ে কর্মরত সাংবাদিকগণ সরকারের সকল মন্ত্রণালয়সহ মাননীয় প্রধানমন্ত্রী, মহামান্য রাষ্ট্রপতির দৈনন্দিন কর্মকান্ডের সংবাদ সংগ্রহ করে তাৎক্ষনিকভাবে সম্পাদনা করে প্রচার করে থাকে।

এছাড়াও বিভিন্ন আন্তর্জাতিক বার্তা সংস্থার সাথে চুক্তির আওতায় আন্তর্জাতিক সংবাদ সংগ্রহ করে সকল সংবাদ বিভিন্ন সংবাদপত্র ও ইলেক্ট্রনিক গণমাধ্যমের সাহায্যে প্রকাশ ও প্রচার করে যাচ্ছে। বাংলাদেশের সাথে বহির্বিশ্বের সংযোগের ক্ষেত্রে বাসস একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করছে। প্রতিবেদনাধীন বছরে বাসস থেকে মোট ১,১২,২১৯ (এক লক্ষ বার হাজার দুইশত উনিশ ) সংখ্যক সংবাদ সংগ্রহ ও পরিবেশন করা হয়েছে, যা দেশের প্রধান জাতীয় দৈনিক এবং ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রকাশ/প্রচারের জন্য গ্রাহক গণমাধ্যমের নিকট সরবরাহ করা হয়েছে। বাসস কর্তৃক মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যাবলী এবং উন্নয়ন কর্মকান্ডের সংবাদসহ সকল ধরনের সংবাদ তাৎক্ষণিকভাবে গণমাধ্যমের নিকট পৌছে দিতে সক্ষম হয়েছে।

**SDG বাস্তায়ন সম্পর্কিত সংবাদ সংগ্রহ ও প্রচার:** দেশের প্রত্যন্ত অঞ্চলসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক SDG বাস্তাবায়ন সংক্রান্ত সংবাদ সংগ্রহ ও পরিবেশনের লক্ষ্যে বাসস একটি বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে। বিশেষ গুরুত্ব দিয়ে SDG বাস্তাবায়ন সংক্রান্ত সংবাদ সংগ্রহ ও পরিবেশনের জন্য সাংবাদিক এ্যাসাইনমেন্টের মাধ্যমে SDG বাস্তবায়নের সংবাদ সংগ্রহ করে পরিবেশন করেছে। ২০২২-২০২৩ অর্থবছরে বাসস SDG বাস্তবায়ন সম্পর্কিত ৩৫৬টি সংবাদ বিভিন্ন গণমাধ্যমে প্রচার করেছে।

**সরকারের নীতি কৌশল ও কর্মসূচি বাস্তবায়ন:** বাসস সকল সময়ই সরকারের গৃহিত নীতি কৌশল এবং গৃহিত কর্মসূচি বিশেষ গুরুত্বসহকারে বাস্তবায়ন করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২২-২০২৩ অর্থবছরে ও বাসস জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন, তথ্য অধিকার আইন বাস্তবায়ন, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি নীতিমালা বাস্তবায়ন এবং সরকার ঘোষিত সকল নির্দেশনা বাস্তবায়নসহ প্রচার কার্যক্রম গ্রহণ করেছে।

**শুদ্ধাচার কার্যক্রম (NIS):** সংস্থায় 'জাতীয় শুদ্ধাচার কৌশল' বাস্তবায়নকল্পে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তার নেতৃত্বে ৭ সদস্য বিশিষ্ট একটি নৈতিকতা কমিটি ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে কর্ম-পরিকল্পনা অনুযায়ী ৪টি সভা করে সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। সংস্থার ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। নৈতিকতা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংস্থার সাংবাদিক কর্মকর্তাদের পেশাগত কর্ম সম্পাদন পর্যালোচনা সভায় শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে নিয়মিত ব্রিফিং করা হচ্ছে।

**ইনোভেশনঃ** ২০২২-২৩ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য একজন ইনোভেশন অফিসারসহ মোট ৭ (সাত) সদস্যবিশিষ্ট ইনোভেশন টিম গঠন করা হয়েছে এবং ৪টি ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্যাদির প্রতিবেদন হালনাগাদ করা হয়েছে এবং সংস্থার ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা হয়েছে।

APA বাস্তবায়ন: ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাসস' ১০০.২০% অর্জন করতে সক্ষম হয়েছে। কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই-২০২২ থেকে জুন-২০২৩ পর্যন্ত মোট ১,১২,২১৯ (এক লক্ষ বার হাজার দুইশত উনিশ) সংখ্যক সংবাদ সংগ্রহ ও পরিবেশন করা হয়েছে, যা দেশের প্রধান জাতীয় দৈনিক এবং ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রকাশিত/প্রচারিত হয়েছে।

**তথ্য প্রযুক্তির ব্যবহার:** সংস্থায় বর্তমানে ল্যান, ইন্টারনেট, ওয়াইফাই সুবিধাসহ স্বয়ংক্রিয় বায়োমেট্রিক উপস্থিতি ব্যবস্থা রয়েছে। নিজস্ব মিনি ডাটা সেন্টারসহ সংস্থার কম্পিউটার নেটওয়ার্ক-এর মাধ্যমে সংবাদ গ্রাহকদের সংবাদ সরবরাহ সেবা প্রদান করা হয়ে থাকে।

**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (GRS):** সংস্থায় GRS-এর আওতায় অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা রয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় কোনো অভিযোগ পাওয়া যায়নি। সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক-এর দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে। GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে কেন্দ্রীয় অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে যোগাযোগ করতে পারবেন। এই পদ্ধতিতে ৩ (তিন) মাসের মধ্যে অভিযোগের নিষ্পত্তি করা যাবে।

**মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বাস্তবায়ন:** মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের ওপর বাসস থেকে বিভিন্ন সংবাদপত্রে ২০০টি বিশেষ প্রতিবেদন প্রকাশ করা হয়েছে এবং এসব প্রতিবেদন নিয়ে ২টি বই প্রকাশ করা হয়েছে।

১৯ জুন, ২০২৩ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে জাতীয় প্রেস ক্লাবে ''মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ১০টি বিশেষ উদ্যোগ: বাংলাদেশের উন্নয়ণ অভিযাত্রায় মাইলফলক'' শীর্ষক গোলটেবিল আলোচনা সভার আয়োজন করা হয়েছে।




''মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ১০টি বিশেষ উদ্যোগ: বাংলাদেশের উন্নয়ণ অভিযাত্রায় মাইলফলক'' শীর্ষক গোলটেবিল আলোচনা

**জাতীয় শোক দিবস পালন:** ১৫ আগস্ট ২০২২ তারিখে জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। জাতীয় শোক দিবসে ধানমন্ডি ৩২ নম্বরে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্মৃতিস্তম্ভে সংস্থার সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিদের শ্রদ্ধাঞ্জলি প্রদর্শন এবং বঙ্গবন্ধুর জীবনাদর্শ সম্পর্কে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়েছে। এছাড়াও 'শোকের মাস আগস্ট' শিরোনামে সংস্থার ওয়েবসাইটে বিশেষ ট্যাব চালু করে সংবাদ ও ছবি প্রদর্শন এবং ব্যানার প্রদর্শন করা হয়েছে।




**জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষ্যে আলোচনা ও দোয়া মাহফিল।**

**নারী দিবস পালনঃ** আন্তর্জাতিক 'নারী দিবস' উপলক্ষ্যে ১৩ মার্চ, ২০২৩ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের উপস্থিতিতে বাসস'র প্রধান কার্যালয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।




**আন্তর্জাতিক নারী দিবস-২০২৩ উপলক্ষ্যে আলোচনা সভা।**

**বিভিন্ন দিবস উদযাপনঃ**

- ১৬ ডিসেম্বর, ২০২২ তারিখে 'মহান বিজয় দিবস' উপলক্ষ্যে বাসস'র প্রধান কার্যালয়ে আলোকসজ্জা প্রদর্শন করা হয়েছে।
- 'ঐতিহাহিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উপলক্ষ্যে প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে সংস্থার সাংবাদিক, কর্মকর্তাগণ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করেন।
- ১৭ মার্চ, ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বাসস'র প্রধান কার্যালয়ে আলোকসজ্জা প্রদর্শন করা হয়েছে।
- ২৬ মার্চ, ২০২৩ মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বাসস'র প্রধান কার্যালয়ে আলোকসজ্জা প্রদর্শন করা হয়েছে।

আবুল কালাম আজাদ
ব্যবস্থাপনা পরিচালক ও
প্রধান সম্পাদক